

# রূপালী ব্যাংক লিঃ

সাধারণ ঋণ বিভাগ

প্রধান কার্যালয়

ঢাকা।

সকল শাখা/কর্পোরেট শাখা/  
আঞ্চলিক কার্যালয়/স্থানীয় কার্যালয়  
আরবিটিআই ও প্রধান কার্যালয়ের  
সকল বিভাগ।

ইস্টেটহার নং- প্রকা/সাধবি/নির্দেশ/১৯  
তারিখ ২০-০৬-২০১০ ইং।

## বিষয়ঃ Personal Loan বিতরণের নীতিমালা।

অত্র বিভাগের ০৯-০৩-২০১০ ইং তারিখের প্রকা/সাধবি/নির্দেশ/০৩ নং ইস্টেটহারের মাধ্যমে বিভিন্ন অঞ্চল, কর্পোরেট শাখা ও স্থানীয় কার্যালয়কে পাসপোর্টাল বোনাস খাতে ২০১০ সালে বিতরণের জন্য ১০০.০০ কোটি ঋণের সরাসরি প্রদান করা হবে। বিভিন্ন শাখা সফলতাপত্র ও অন্যান্য প্রধান পাসপোর্টাল বোনাসের উপর ভিত্তি করে শাখা পর্যায়ে পর্যাপ্ত ঋণের অনুমোদন ক্ষমতা প্রদানের জন্য অনুমোদন পাসপোর্টাল বোনাস ২৫-০৩-২০১০ ইং তারিখের ৮.১০ তম সভায় Personal Loan খাতে বিদ্যমান ঋণসহ নীতিমালায় সংশোধনী অনুমোদন করে যা ১৮-০৫-২০১০ ইং তারিখের ৮.২২ তম সভায় পুনঃ সংশোধনীসহ ০৬-০৬-২০১০ ইং তারিখের ৮.২৩ তম সভায় নিশ্চিত করা হয়। উক্ত নীতিমালা সকলকে অনুসরণের জন্য নিম্নে প্রদান করা হলোঃ-

- ১) Personal Loan খাতে অনুমোদিত ঋণসীমাঃ সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা।
- ২) অনুমোদনের মেয়াদ ও পরিশোধসূচীঃ সর্বোচ্চ ৪৮ মাস, প্রতিমাসে এমোর্টাইজেশন পদ্ধতিতে সুদসহ আদায়।
- ৩) সংশোধিত অনুমোদন ক্ষমতাঃ
  - (ক) প্রাথমিকভাবে শাখার ব্যবস্থাপক সর্বোচ্চ ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ বিতরণ করতে পারবেন। অঞ্চল প্রধান প্রতি ১৫ দিন অন্তর বিতরণকৃত ঋণসমূহ পরীক্ষা নিরীক্ষা করে তা নিশ্চিত করবেন এবং প্রতি স্বাক্ষর করবেন।
  - (খ) সংশ্লিষ্ট নিরীক্ষা ও পরিদর্শন সেল কর্তৃক নিয়মিতভাবে নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবেন।
  - (গ) অনুমোদনপত্রের অনুলিপি প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৪) ঋণসীমা নির্ধারণঃ ঋণের মেয়াদ ৪ বছর অর্থাৎ ৪৮ মাস এর মধ্যে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা তার প্রাপ্য Net Salary এর ৮০% এর সমপরিমাণ ঋণ প্রাপ্য হবেন।
- ৫) ৪ বছর (৪৮ মাস) মেয়াদে বিতরণকৃত ঋণের হিসাবাবহনঃ- (মাসিক কিস্তিতে এমোর্টাইজেশন পদ্ধতি)

ঋণের পরিমাণ	মাসিক কিস্তি	সুদ ১৩%	সুদসহ ঋণের কিস্তি
৮ ১.০০ লক্ষ	৮ ২০৮৪/-	৮ ৫৫৩/-	৮ ২৬৩৭/-
৮ ২.০০ লক্ষ	৮ ৪১৬৭/-	৮ ১১০৬/-	৮ ৫২৭৩/-
৮ ৩.০০ লক্ষ	৮ ৬২৫০/-	৮ ১৬৫৯/-	৮ ৭৯০৯/-
৮ ৪.০০ লক্ষ	৮ ৮৩৩৪/-	৮ ২২১২/-	৮ ১০৫৫৬/-
৮ ৫.০০ লক্ষ	৮ ১০৪১৭/-	৮ ২৭৬৫/-	৮ ১৩৩৮২/-

- ৬) সুদের হারঃ ১৩% (পরিবর্তনশীল)।
- ৭) অনুমোদনের শর্তানুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণ পরিশোধ করা হলে সংশ্লিষ্ট গ্রাহককে ১% রিবেট সুবিধা প্রদান করা হবে।
- ৮) ঋণের কিস্তির সমপরিমাণ অংকের মোট ৪৮টি পোস্টডেটেড স্বাক্ষরযুক্ত অগ্রিম চেক গ্রাহকের নিকট থেকে গ্রহণ করতে হবে।

রূপালী ব্যাংকে যে সকল সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/ব্যক্তির বেতন হিসাব পরিচালিত হয় সেই সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বা ব্যক্তিকে উপরোক্ত একই নীতিমালায় আওতায় ঋণ প্রদান করা যাবে। তবে যে সকল বেসরকারী প্রতিষ্ঠান/ব্যক্তির বেতন হিসাব অত্র ব্যাংকের কোন শাখায় পরিচালিত হয় ঐ সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী বা ব্যক্তির ক্ষেত্রে প্রতিষ্ঠান তাদের চাকুরীর মেয়াদকাল নিশ্চিত করে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে থার্ড পার্টি গ্যারান্টি গ্রহন সাপেক্ষে ঋণ দেয়া যেতে পারে। এ ধরনের ঋণ SME নীতিমালায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে ঋণ গ্রহীতার নিকট থেকে ঋণ ব্যবহারের বিষয়ে একটি পূর্ণাঙ্গ পরিকল্পনা গ্রহন করতে হবে। এ পরিকল্পনা যদি SME ঋণের সাথে সংগতিপূর্ণ হয় তবে এ সকল ঋণ SME নীতিমালা অনুযায়ী বিতরণের ব্যবস্থা গ্রহন করতে হবে।

Personal Loan খাতে ঋণ প্রদানের অন্যান্য প্রযোজ্য নীতিমালা বহাল থাকবে।

(স্বাক্ষর)  
(পাকী হুসৈন রায়)  
উপ-মহাপরিচালক

(স্বাক্ষর)  
(স্বাক্ষর)  
মহাপরিচালক